তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ৮

সংবাদ

# কলেজ শিক্ষক প্রশিক্ষণ বিষয়ে বিশ্বব্যাংক-এনইউর যৌথ সভা

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে ১৩০ মিলিয়ন অর্থ ব্যয়ে কলেজ শিক্ষার মানোন্নয়ন বিষয়ক প্রকল্পের আওতায় ১৬ হাজার কলেজ শিক্ষকদের দেশের ভেতরে এবং মাস্টার্স ট্রেনারদের দেশের বাইরে ট্রেনিং সংক্রান্ত বিভিন্ন দিক নিয়ে বিশদ আলোচনা হয়। সভায় যে সব বিষয় ও শিক্ষকদের ট্রেনিং দেয়া হবে তা স্থির করা হয় এবং সিলেকশনের শর্ত ও পদ্ধতি সম্বন্ধেও সিদ্ধান্ত হয়। সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কোষাধ্যক্ষ অধ্যাপক মো. নোমান উর রশীদ, অধ্যাপক ড. আনোয়ার হোসেন, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন, পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান, আইইউটির উপাচার্য অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর এবং বিশ্বব্যাংকের পক্ষ থেকে জনাব মোহাম্মদ আসহাবুর রহমান, সিরো নাকাতা, তাসমিনা রহমান এবং নটিংহাম বিশ্ববিদ্যালয়ের মালোয়েশিয়া ক্যাম্পাসের পক্ষ থেকে প্রফেসর ক্রিস্টিন ইউনাউ, প্রফেসর গানাকুমারান সুব্রামানিয়াম, প্রফেসর টনি বুশ ও ড. লুসি বেইলি উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি